দৈনিক
ইত্তেফাক

তারিখ 27-SEP-2013
পৃঃ ১৯ কলাম ৪

# ইশা ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় সভাপতিসহ গ্রেফতার ৬

ইত্তেফাক রিপোর্ট

ফেসবুক, টুইটারসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে রাষ্ট্রবিরোধী প্রচারণার অভিযোগে ইসলামী শাসনতন্ত্র (ইশা) ছাত্র আন্দোলনের কেন্দ্রীয় সভাপতিসহ ছয় নেতাকে গ্রেফতার করেছে র‍্যাব। বৃহস্পতিবার রাতে র‍্যাব-৩-এর একটি দল রাজধানীর পুরানা পল্টনে সংগঠনের কেন্দ্রীয় কার্যালয় থেকে তাদের গ্রেফতার করে। গ্রেফতারকৃতরা হলেন, কেন্দ্রীয় সভাপতি আরিফুল ইসলাম, প্রচার সম্পাদক আব্দুর রহমান সিলমান, মাদ্রাসা বিষয়ক সম্পাদক এমদাদুল্লাহ ফাহাদ, সাহিত্য সম্পাদক রহমত উল্লাহ, কার্যকরী সদস্য শেখ মারুফ ও ঢাকা মহানগর পূর্ব কমিটির নেতা সিরাজুল ইসলাম। গ্রেফতারের বিষয়ে সংগঠনটির কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক বেলায়েত হোসেন জানান, কোনো অভিযোগ ছাড়াই হঠাৎ করে র‍্যাব সদস্যরা ইশার কেন্দ্রীয় কার্যালয়ে অভিযান চালায়। তারা সভাপতিসহ ৬ ছাত্র নেতাকে গ্রেফতার করে নিয়ে যায়।

তবে নাম প্রকাশ না করে র‍্যাবের একজন কর্মকর্তা বলেন, আটককৃতদের বিরুদ্ধে সামাজিক যোগাযোগ মাধ্যমে রাষ্ট্রবিরোধী প্রচারণার অভিযোগ রয়েছে। এ বিষয়ে তাদের জিজ্ঞাসাবাদ করা হবে।